[redacted]

[redacted]

অফিসের কর্মকর্তা-কর্মচারীদের মানববন্ধন

দুই দফা দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন করেছে মেহেরপুর পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা। আজ সোমবার (৩০ সেপ্টেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে পল্লী বিদ্যুৎ সমিতির এ কর্মসূচী পালিত হয়।

সকাল সাড়ে ১১ থেকে বেলা ১২ টা পর্যন্ত চলা এই কর্মসূচীতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও উপজেলা অফিসের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেয়।

পল্লী বিদ্যুৎ এজিএম সদস্য মোঃ ফরহাদ হোসেনের নেতৃত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন,পল্লী বিদ্যুৎ ডিজিএম (কারিগরী) শ্যামল মল্লিক,পল্লী বিদ্যুৎ বামুদী জেনারেল অফিস জুনিয়ার ইঞ্জিনিয়ার সিদ্দিকুর রহমান, পল্লী বিদ্যুৎ লাইন টেকনিশিয়াল মোঃ রাহাজুল ইসলাম, লাইনম্যান (গ্রেট ২) মোঃ রাজিব আহমেদ, মিটার রিডার ম্যাসেঞ্জার মোঃ সাজন মোল্লা প্রমুখ।

এই সময় বক্তারা, গ্রাহক সেবার মানোন্নয়ন, উন্নত কর্মপরিবেশ নিশ্চিতের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের সন্তুষ্টি, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং টেকসই বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিনির্মাণে সকল বৈষম্য অবসান করার দাবী জানান। সেই সাথে সকল চুক্তিভিত্তিক কর্মচারীদের নিয়মিত করার দাবীও জানান।

সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপে বাংলাদেশ-ভারত ফাইনাল মহারণ আজ

শুধু সিনিয়রদের মধ্যেই নয়, বয়সভিত্তিক ফুটবলেও বাংলাদেশ-ভারত সব

এখন আমাদেরকে কী করতে হবে। আমরা ফাইনালের জন্য প্রস্তুত। কারণ জানি ভারত অনেক শক্তিশালী দল। আমরা সেভাবে প্রস্তুতি নিয়ে এসেছি-বললেন অনূর্ধ্ব-১৭ ফুটবল দলের কোচ সাইফুল বারী টিটু। তিনি বলেন, ‘এক বার ভারতের বিপক্ষে খেলে হেরেছি, (১-০)। এটা আমাদের জন্য বড় অভিজ্ঞতা। সেবার হারলেও আগের চেয়েও এখন ভালো পারফরম্যান্স করা উচিত। তবে সবচেয়ে বড় কথা হচ্ছে এখন আমাদের ছেলেরা আত্মবিশ্বাস পাচ্ছে। পাকিস্তানের বিপক্ষে জয়টা আত্মবিশ্বাস এনে দিয়েছে।’ কোচের দুশ্চিন্তা হচ্ছে, ফিনিশারদের ব্যর্থতা। অন্যান্য খেলায় অনেক সুযোগ নষ্ট করেছে। কোচ টিটু বলেন, ‘আজকে ফাইনালে সুযোগ আসবে হাতে গোনা, সেগুলো কাজে লাগাতে পারলে ফল আসতে পারে।’

সূত্র: ইত্তেফাক

গাংনীর যাত্রী ছাউনি অপসারণে আইনী ব্যবস্থা নেয়ার আশ্বাস

গাংনীর স্থানীয়দের দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে এবং দুর্ঘটনা মুক্ত নিরাপদ সড়ক প্রশস্তকরনে গাংনী বাসস্ট্যান্ডের যাত্রী ছাউনি অপসারণ এবং আ: মালেক স্টোরের চুক্তি বাতিলে নিয়মানুযায়ী ব্যবস্থা নেবেন বলে স্থানীয়দের আশ্বস্ত করেছেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) সকালে গাংনী থেকে জেলা প্রশাসকের কার্যালয়ে যাওয়া একটি প্রতিনিধি দলের সদস্যদের সাথে বৈঠকে এমন আশ্বস্ত করেছেন বলে জানিয়েছে প্রতিনিধি দলের সদস্যরা। জেলা প্রশাসকের সাথে আলোচনা শেষে প্রতিনিধি দলের সদস্যরা সাংবাদিকদের জানান, গাংনীর বিভিন্ন শ্রেণী পেশার মানুষ গতকাল শনিবার সকাল ১১ টার সময় গাংনী বাস স্ট্যান্ডে যাত্রী ছাউনি অপসারণ, জেলা পরিষদের কাছ থেকে চুক্তি নেয়া আ: মালেক স্টোরের চুক্তি বাতিল ও অপসারণ এবং একনেকের মুল নকশা অনুযায়ী রাস্তা প্রশস্ত করনের দাবীতে স্থানীয়রা রাস্তা অবরোধ ও বিক্ষোভ সমাবেশ করেন।

স্থানীয়দের বিক্ষোভে উপজেলা প্রশাসনের মাধ্যমে আন্দোলনকারীদের

সাথে কথা বলতে চান জেলা প্রশাসক। জেলা প্রশাসকের আহবানে আন্দোলনকারীরা তাদের বিক্ষোভ সমাবেশ সাময়িক সময়ের জন্য স্থগিত করে।

প্রতিনিধি দলের সদস্যরা জানান, অংশ গ্রহণকারীদের প্রতিনিধি হিসেবে আমরা জেলা প্রশাসক মহদ্বয়ের সাথে আলোচনায় বসি। এলাকাবাসীর সমন্বয়ে গঠিত ২০-২৫ সদস্যের একটি প্রতিনিধি দল জেলা প্রশাসক সিফাত মেহনাজ এঁর কার্যালয়ে উপস্থিত হলে একটি প্রাণবন্ত আলোচনা হয়েছে বলেও উল্লেখ করেছেন প্রতিনিধি দলের সদস্যরা। এসময় জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন, দ্রুততম সময়ের মধ্যে দাপ্তরিক জটিলতার অবসান ঘটানো হবে। গাংনী বাস স্ট্যান্ড যাত্রী ছাউনী, আঃ মালেক স্টোর ও মিষ্টান্ন ভান্ডারের দোকান অপসারণ হবে। অপসারণ না হওয়া পর্যন্ত আপাতত বাসস্ট্যান্ড এলাকায় সড়ক উন্নয়নের কাজ বন্ধ থাকবে। আইনি প্রক্রিয়ার মধ্যে থেকে নথিপত্র প্রস্তুতের জন্য সময়ের প্রয়োজন।

এলাকায় যাতে শান্তি শৃংখলা বজায় থাকে সে বিষয়ে স্থানীয়দের সহযোগীতা চান জেলা প্রশাসক।

আলোচনায় জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, গাংনী মসজিদ কমিটির কোষাধ্যক্ষ আসাদুল আলম খোকন, সদস্য রেজাউল হক, বাজার কমিটির সাবেক সভাপতি হাফিজুর রহমান মানিক, এস এম প্লাজার একাংশের স্বত্বাধিকারী রবিউল ইসলাম, ওয়ালটন শোরুমের স্বত্বাধিকারী সাজু আহমেদ,গাংনী বাজার কমিটির সাবেক সভাপতি মাহবুবুল হক স্বপনসহ ব্যবসায়ী, রাজনৈতিক ব্যক্তিত্ব, বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গেল গতকাল শনিবার (২৮ সেপ্টেম্বর) সকালে গাংনী বাস স্ট্যান্ডে যাত্রী ছাউনি অপসারণ, একনেকের অনুমোদনকৃত মুল নকশায় সড়ক প্রশস্তকরণ, জেলা পরিষদের চুক্তিতে নেয়া আ: মালেক স্টোরের চুক্তি বাতিলসহ কয়েকটি দাবী নিয়ে বিক্ষোভ সমাবেশ ও অবরোধ কর্মসূচি পালন করেন স্থানীয়রা।

বিক্ষোভকারীরা রাস্তায় অবস্থান নিয়ে সড়কের উপর কাঠের গুড়ি ফেলে সড়ক অবরোধ করে। এসময় প্রায় দুই ঘন্টা যান চলাচল বন্ধ হয়ে পড়ে । পরিস্থিতি সামাল দিতে উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা আন্দোলনকারী প্রতিনিধিদের সাথে আলোচনা করেন। এবং সুষ্ঠু

সমাধানে বিষয়টি জেলা প্রশাসকের সাথে আলোচনায় বসার আহবান জানান ইউএনও প্রীতম সাহা।

মেহেরপুরে অসুস্থ গরু জবাই,মালিকের জরিমানা

মেহেরপুরে অসুস্থ গরু জবাই করে বিক্রির অপরাধে মালিকের ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) বিকেলে মেহেরপুর সদর উপজেলার যাদবপুর মোড়ে ভ্রাম্যমান আদালত বসিয়ে গরুর মালিক আব্দুল আওয়ালের নিকট থেকে এই জরিমানা আদায় করা হয়।

যাদবপুর গ্রামের সমীর উদ্দিনের ছেলে আব্দুল আওয়াল তার একটি অসুস্থ গরু নিজ বাড়িতে জবাই করেন। জবাই করা গরুটি মেহেরপুর শহরের বোসপাড়া এলাকার আশরাফুল ছেলে মাংস বিক্রেতা টিটনের কাছে ৪০ হাজার টাকায় বিক্রি করেন।

মাংস বিক্রেতা টিটন সেই মাংস যাদবপুর মোড়ে বিক্রি করেন। খবর পেয়ে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমানের নেতৃত্বে ভ্রাম্যমান আদালত বসানো হয়। এসময় অসুস্থ গরু জবাই করে বিক্রি করার অপরাধে গরুর মালিকের নিকট থেকে পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন ২০১১ এর ৩ এর ২৩ ও ২৪ ধারায় ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানে মেহেরপুর জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, সদর উপজেলা স্যানেটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীর ভাটপাড়া ইকোপার্ক পরিদর্শনে ডিসি সিফাত মেহনাজ

মেহেরপুর জেলার গাংনী উপজেলার ভাটপাড়া নীলকুঠি জেলা প্রশাসক ইকোপার্ক পরিদর্শন করেছেন নবাগত জেলা প্রশাসক সিফাত মেহনাজ। পার্ক পরিদর্শনে এসে ঐতিহাসিক নীলকুঠির পুরো এলাকা ঘুুরে দেখেন তিনি। ডিসি ইকোপার্কের ব্যবস্থাপনা, উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্নতা, অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন সম্ভাবনা নিয়ে কথা বলেন ডিসি সিফাত মেহনাজ।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, উপজেলা এলজিএডি প্রকৌশলী ফয়সাল আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাসহ স্থানীয়রা উপস্থিত ছিলেন। এসময় ইকোপার্কের ব্যবসায়ীদের নিরাপত্তা, আগত দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিত করণ পার্কের অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টি নন্দন করার উদ্যোগ নেয়ার কথা জানান তিনি।

উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা ইকোপার্কের সম্ভাবনা,পরিকল্পনার কথা তুলে ধরেন।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন, আমি মেহেরপুরের মানুষ। অনেক সম্ভাবনাময় ও ঐতিহাসিক স্থান ভাটপাড়া নীলকুঠি। এখানে ৩৩ একর জায়গা রয়েছে। জেলার একটি উল্লেখিত দৃষ্টি নন্দন করে তোলা হলে সুস্থ বিনোদনের জন্য ভাটপাড়া নীলকুঠি হতে পারে একটি আকর্শনীয় পর্যটন কেন্দ্র। তিনি অল্প সময়ের মধ্যে পার্কের উন্নয়ন কাজ শুরু করার কথা জানান। সেই সাথে কাজলা নদী পুনঃখনন করার উদ্যোগ নেয়ার কথা জানান।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে

বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ

মেহেরপুরে গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকালে (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় নিরাপদ সবজি উৎপাদন হাব ক্লাস্টার ১৫ জন সদস্যের মাঝে উপকরণ বিতরণ করা হয় । সবজির চারা, ফেরমন ফাঁদ হলুদ ট্রাপ জৈব ও রাসায়নিক সার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সহকারী পরিচালক প্রশিক্ষণ মোঃ সাইফুল ইসলাম পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগণ ।

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার পালন

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) বিকেল তিনটার সময় বাংলাদেশ শিশু একাডেমি মেহেরপুরের আয়োজনে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সহকারী কমিশনার নাদির হোসেন শামীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নুর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ পরিদর্শক বজলুর রহমান, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, মেহেরপুর জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব হোসেন, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীর প্রমুখ।

এ সময় বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শিক্ষার্থীদের উপর হামলা, ২ ছাত্রলীগ নেতা আটক

গত ৫ আগস্ট সকালে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শান্তিপূর্ণ কর্মসূচিতে শিক্ষার্থীদের হামলার ঘটনায় মেহেরপুরের ২ ছাত্রলীগ নেতা কে আটক করেছে পুলিশ।

আজ রোববার সকাল ১১ টার দিকে তাদের আটক করে। আটকরা হলেন-মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ার মুকুল হোসেনের ছেলে সুইট মাহমুদ(২৮) ও মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের আবু বক্করের ছেলে আশিকুর রহমান(২৭)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ কনি মিয়া জানান, গত ৫ আগস্ট বৈষম বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা শান্তিপূর্ণ সমাবেশে ছাত্রলীগের ৫০ থেকে ৬০ জন নেতাকর্মী দেশী ও বিদেশী অস্ত্র নিয়ে হামলা চালায়। এ ঘটনায় গত ২৮শে আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী রাশিদুল ইসলাম বাদী হয়ে সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইবুনাল আদালতে ওই মামলা করেন। আদালত আবেদনটি আমলে নিয়ে সদর থানাকে এজাহার নথিভুক্ত করার নির্দেশ দেন। প্রেক্ষাপটে মেহেরপুরের বিভিন্ন স্থানে যৌথ বাহিনীর অভিযানে তাদের আটক করে। আটককৃতদের মেহেরপুর আদালতে পাঠানো হয়েছে।

মেহেরপুরে বিসিডিএস এর ৬ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর জেলা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট (বিসিডিএস) সমিতির ৬ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করে সাবেক কমিটি পদত্যাগ পত্র হস্তান্তরের মধ্য দিয়ে পদত্যাগ করেছেন।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে মেহেরপুর শহরের ওভার ট্রাম রেস্টুরেন্টে আনুষ্ঠানিকভাবে সাবেক কমিটি পদত্যাগ করে নতুন আহ্বায়ক কমিটির হাতে পদত্যাগ পত্র তুলে দেন। এ সময় সাবেক কমিটির সভাপতি আনারুল মিয়া, সিনিয়র সহ-সভাপতি সাদেকুজ্জামান খান, সহ-সভাপতি আব্দুল লতিব, নির্বাহী সদস্য আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।

বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি (বিসিডিএস) মেহেরপুর জেলা শাখার নবগঠিত আহবায়ক কমিটির প্রধান মো: রিনু, কার্যনির্বাহী সদস্য কাজী খয়ের উদ্দিন রবি, ইসমাইল হোসেন, ইমন বিশ্বাস, বেনজির আহমেদ ও সাইফুল ইসলামসহ ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির তালিকা করে ঘোষণা করেন সাবেক সভাপতি আনারুল মিয়া।

এ সময় তিনি বলেন, তাদের হাতে ক্ষমতা হস্তান্তর করে তাদের মঙ্গল কামনা করছি এবং সেই সাথে তাদের সার্বিক কাজে সহযোগিতা করার জন্য আমরা পাশে থাকব। একটি সুন্দর আহবায়ক কমিটির পরিচয় দিয়ে তারা তাদের সময়মতো একটি সুন্দর নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচন ব্যবস্থা করবেন এই আশা ব্যক্ত করে তাদের জন্য দোয়া কামনা করছি।

নবগঠিত আহবায়ক কমিটির প্রধান রিনু বলেন, আমাদের ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি সাবেক কমিটির সার্বিক সহযোগিতা নিয়ে আগামী নির্বাচনের জন্য কাজ করে যাব এবং কমিটির নাম ভাঙিয়ে কেউ যদি কোন প্রকার চাঁদাবাজি করে তাহলে আমাদেরকে জানাবেন আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নেব।সেই সাথে মেহেরপুর জেলার সকল ওষুধ ব্যবসায়ী গনের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।